এস এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# কৃষিশিক্ষা

বিষয় কোড : | ১ | ৩ | ৪ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট　　সৃজনশীল প্রশ্ন　　পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.** ▶ রংপুর কলেজের শিক্ষার্থীরা শীতের সময়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে চট্টগ্রামের পাহাড়ি বনে বেড়াতে যায়। বনে ঘোরার সময় অনেক শিক্ষার্থী গাছ ভেঙ্গে ফেলে, অনেক গাছের বাকল, পাতা নষ্ট করে। কেউ কেউ আগুন জ্বালিয়ে শীত নিবারণের চেষ্টা করে। শিক্ষার্থীরা সেখানে লক্ষ করল বনের মধ্যে অনেকে পশু চড়াচ্ছে। কেউবা গাছের ডাল কেটে নিয়ে যাচ্ছে।

ক. বনবিধি কী? ১

খ. বনবিধান লঙ্ঘনের শাস্তির বিধান লেখ। ২

গ. উদ্দীপকের কোন কাজগুলো বন আইন লঙ্ঘনের মধ্যে পড়ে কেন ব্যাখ্যা কর। ৩

ঘ. বনভূমি রক্ষার জন্য বিদ্যমান আইন যথেষ্ট নয় যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

**২.** ▶ বাংলাদেশে কৃষি সমবায় কৃষিতে আধুনিক প্রযুক্তির ব্যবহার নিশ্চিত করেছে। এছাড়া গ্রামের কৃষকদের সমন্বিত করে কৃষিপণ্য উৎপাদনে উদ্বুদ্ধ করেছে। কৃষি জমি, পানি ও অন্যান্য অপ্রয়োজনীয় দ্রব্যাদির ব্যবহার করেছে এবং কৃষিক্ষেত্রে কৃষি সমবায়ের প্রয়োজনীয়তা বেড়ে চলেছে।

ক. কাঠ সিজনিং কী? ১

খ. নির্দিষ্ট বিপণন সংস্থার সাথে আগে থেকে চুক্তি করা প্রয়োজন কেন? ২

গ. কৃষি সমবায় সংগঠনের কাজ বর্ণনা কর। ৩

ঘ. "কৃষি সমবায় একটি সমন্বিত কার্যক্রম"— বক্তব্যটির যথার্থতা যাচাই কর। ৪

**৩.** ▶ মামুন মিয়া বর্ষার মৌসুমে তার আবাদি জমিতে পাটের চাষ করলেন কিছুদিন পর হঠাৎ তিনি তাৎক্ষণিক কৃষি কর্মকর্তার পরামর্শ গ্রহণ করে পোকার দমনে সফলতা লাভ করলেন এবং আশানুরূপ ফলন পেলেন।

ক. বাংলাদেশের সোনালি আঁশ কোনটি? ১

খ. স্বাভাবিকের তুলনায় পাটের বীজ কেন বেশি বুনতে হয়? ২

গ. উদ্দীপকের উল্লিখিত পোকাটির নাম কী এর দমন পদ্ধতি বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত মামুন মিয়া কেন পাট চাষে আগ্রহী হলেন? পাট ফসলের গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

**৪.** ▶ করিম সাহেব উপকূলীয় একটি উপজেলায় নির্বাহী কর্মকর্তাকে বলেন তার এলাকায় প্রায়ই ঝড়, জলোচ্ছ্বাস হয়। তিনি তার এলাকায় ঝড়, জলোচ্ছ্বাস এর মত প্রাকৃতিক দুর্যোগ প্রতিরোধের জন্য বৃক্ষ রোপণের অনুমতি চান। তিনি এ অঞ্চলে বনায়নের উপযোগিতাও তুলে ধরেন।

ক. ম্যানগ্রোভ বন কাকে বলে? ১

খ. কীভাবে গাছ কাটলে পার্শ্ববর্তী গাছের ক্ষতি হয় না ব্যাখ্যা কর। ২

গ. করিম সাহেব যে গাছগুলো লাগাবেন তার বৈশিষ্ট্য উল্লেখ কর। ৩

ঘ. করিম সাহেব যে বনায়ন করতে চান তার উপযোগিতা বর্ণনা কর। ৪

http://teachingbd.com

৫. ▶



i) পাহাড়ী বন ii) সমতল ভূমির বন iii) ম্যানগ্রোভ বন [?]

ক. সমতল ভূমির বন কী? ১

খ. শ্বাসমূল কী ব্যাখ্যা কর। ২

গ. ছকের i নং বন দ্বারা আমরা কীভাবে উপকৃত হতে পারি? বর্ণনা কর। ৩

ঘ. পরিবেশের ভারসাম্য রক্ষায় ছকের '?' চিহ্নিত বনভূমির গুরুত্ব আলোচনা কর। ৪

৬. ▶ সোবহান তার পাটক্ষেতে রোগের প্রাদুর্ভাব লক্ষ করে। কিছু পাটের পাতা ও কাণ্ডে গাঢ় বাদামী রঙের দাগ দেখতে পায়। আবার কিছু গাছের কাণ্ডে কালচে দাগ পড়েছে এবং আক্রান্ত স্থান ফেটে গেছে।

ক. একটি দেশি পাটের নাম লেখ। ১

খ. পাট জাগের সময় মাটির ঢেলা বা কলা গাছ ব্যবহার করা ঠিক নয় কেন? — ব্যাখ্যা কর। ২

গ. সোবহানের পাটক্ষেতে কোন রোগের প্রাদুর্ভাব লক্ষ করা যায়? রোগটির অন্যান্য লক্ষণসমূহ বর্ণনা কর। ৩

ঘ. পাট গাছের উক্ত রোগের দমন ব্যবস্থা বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

# কৃষিশিক্ষা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট | পূর্ণমান — ৩৫ | বিষয় কোড : ১ ৩ ৪

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. ফিশমিলে শতকরা কতভাগ আমিষ বিদ্যমান?
ⓚ ১১.১২% ⓚⓗ ১১.৮৩%
ⓖ ৫৬.৬১% ⓖⓗ ৬৩.১৫%

২. কোনটি সাদা পাটের উল্লেখযোগ্য জাত?
ক BHM-১ খ BHM-২
গ BHM-৫ ঘ সিস-৪৫

৩. হে তৈরির পর ঘাসে শতকরা কত আর্দ্রতা থাকে?
ক ১৫-২০% খ ২৬-৩০%
গ ৩১-৩৫% ঘ ৩৬-৪০%

৪. বরেন্দ্র ও মধুপুর অঞ্চলের অম্লমান কত?
ক ৫-৫.৭ খ ৫.৫-৬.৫
গ ৭.০-৮.৫ ঘ ৬.০-৭.০

৫. হৃদরোগীদের জন্য উপকারী হলো—
i. অর্জুন
ii. হরিতকী
iii. তেলাকুচা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৬. বিনাচাষে বীজ বপন করা যায় কোনটির?
ক ডাটার খ ডালের
গ গমের ঘ ধানের

৭. কোন মাটি টমেটো চাষের উপযোগী?
ক বেলে মাটি খ কংকর মাটি
গ এঁটেল মাটি ঘ বেলে দোআঁশ মাটি

৮. শুষ্ক অ্যালজিতে শতকরা কতভাগ আমিষ থাকে?
ক ৩০-৪০ খ ৪০-৫০
গ ৫০-৭০ ঘ ৭০-৮০

৯. FCR-কী?
ক Food Collection Ratio
খ Food Conversion Ratio
গ Food Chicken Collection
ঘ First Chicken Control

১০. বীজ উৎপাদনের সর্বমোট ধাপ কয়টি?
ক ৮ খ ৯
গ ১০ ঘ ১১

১১. বাংলাদেশের অভ্যন্তরীণ জলাশয়ের মোট আয়তন কত?
ক ৪৭ লক্ষ হেক্টর খ ৪৮ লক্ষ হেক্টর
গ ৪৯ লক্ষ হেক্টর ঘ ৫০ লক্ষ হেক্টর

১২. 'সৈকত' কোন ফসলের জাত?
ক গম খ আলু
গ ছোলা ঘ আখ

১৩. রোটেনন কোন অবস্থায় পুকুরে দিতে হয়?
ক তরল খ দানাদার
গ ট্যাবলেট ঘ পাউডার

১৪. লবণাক্ততার বাধা অতিক্রম করতে উদ্ভিদের মাটি থেকে কোনটি গ্রহণ করা জরুরি?
ক $Ca^+$, $Mg^+$ খ $Na^+$, $K^+$
গ $Na^+$, $Cg^+$ ঘ $K^+$, $Mg^+$

১৫. কোন মাসের অপরিমিত বৃষ্টিপাত রোপা আমন চাষকে বাধাগ্রস্ত করে?
ক জুলাই খ আগস্ট
গ মে ঘ জুন

১৬. গাজী ধানের বৈশিষ্ট্য হচ্ছে—
i. গাছ খাটো হয়
ii. পাতা হেলানো থাকে
iii. ফলন বেশি হয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৭. বেশির ভাগ মাছের পোনা মারা যাওয়ার কারণ—
i. তাপমাত্রার পার্থক্য
ii. ক্ষতিকর পরজীবীর আক্রমণ
iii. অক্সিজেনের তারতম্য
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৮. নিচের কোন বৃক্ষগুচ্ছ পাহাড়ি বনের?
ক গর্জন, গরান, গামার
খ গজারি, গেওয়া, সেগুন
গ তেলসুর, চম্পা, চাপালিশ
ঘ জারুল, রেইনট্রি, পশুর

http://teachingbd.com

১৯. কোন গাছ ৫০০-৬০০ বছর পর্যন্ত জীবিত থাকতে পারে?
ⓚ দেবদারু ⓚ ঝাউ
ⓖ শিমুল ⓖ কড়ই

(ক) দেবদারু (খ) ঝাউ
(গ) শিমুল (ঘ) কড়ই

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:**

শিবপুর গ্রামের কৃষকগণ কৃষি কর্মকর্তার পরামর্শে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহারে আগ্রহী হন। এ জন্য তারা 'সৃজনী কৃষি সমবায় সমিতি' গড়ে তোলে এবং প্রযুক্তি ব্যবহার শুরু করেন।

**২০. শিবপুর গ্রামের কৃষকগণ উক্ত সমিতির মাধ্যমে কোনটির অর্জন নিশ্চিত করতে পারবে?**
(ক) সকলের আস্থা (খ) গ্রামের উন্নয়ন
(গ) উচ্চ মুনাফা (ঘ) জমি ও পুঁজি

**২১. শিবপুর গ্রামের কৃষকদের ব্যবহৃত প্রযুক্তি হলো—**
i. নিবিড় চাষাবাদ পদ্ধতি
ii. সমন্বিত বালাই দমন পদ্ধতি
iii. শস্য পর্যায় অবলম্বন
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**২২. সমবায়ের মূল শর্ত কী?**
(ক) বিনিয়োগ ও বন্টন (খ) বিনিয়োগ ও উৎপাদন
(গ) স্বচ্ছতা ও জবাবদিহিতা (ঘ) মূলধন ও শ্রম

**২৩. দীর্ঘ আবর্তনকাল কত বছর?**
(ক) ১০-২০ বছর (খ) ৩০-৪০ বছর
(গ) ৪০-৪৫ বছর (ঘ) ৪০-৫০ বছর

**২৪. পাইন উদ্ভিদের বীজ কীরূপ?**
(ক) পড (খ) ক্যাপসিউল
(গ) কোন (ঘ) মেড

**২৫. কালো মেঘ পাতার স্বাদ কেমন?**
(ক) মিষ্টি (খ) টক
(গ) নোনতা (ঘ) তিতা

**নিচের উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও:**

নাসেরের সংসারে বেশ অনটন। তাই সে একটি উন্নতজাতের পারিবারিক খামার গড়ে তোলে। এখন তার খামারে প্রায় ২০০টি মুরগি রয়েছে।

**২৬. নাসের তার খামার থেকে বছরে গড়ে কতটি ডিম পেতে পারে?**
(ক) প্রায় ২৫০০০টি (খ) প্রায় ৫০০০০টি
(গ) প্রায় ৯০০০০টি (ঘ) প্রায় ১ লক্ষটি

**২৭. সাধারণত একটি পারিবারিক খামারে কতটি পর্যন্ত লেয়ার মুরগি পালন করা হয়?**
(ক) ২০০টি (খ) ৩০০টি
(গ) ৩৫০টি (ঘ) ৪০০টি

**২৮. সনাতন পদ্ধতিতে দুধ কত মিনিট ফোটাতে হয়?**
(ক) ১০ মি. (খ) ২০ মি.
(গ) ৩০ মি. (ঘ) ৬০ মি.

**২৯. আমাদের দেশি গাভী দৈনিক দুধ দেয় কত লিটার?**
(ক) ১-১.৫ লিটার (খ) ২-২.৫ লিটার
(গ) ৩-৪ লিটার (ঘ) ৫-৬ লিটার

**৩০. পারিবারিক মৎস্য খামারে মাছের প্রাকৃতিক খাবার কোনটি?**
(ক) মিহি কুঁড়া (খ) গমের ভূসি
(গ) সরিষার খৈল (ঘ) ডায়াটম

**৩১. কোন গাছের কাঠ খুব শক্ত তবে ফেটে যায়?**
(ক) শিশু (খ) কড়ই
(গ) ঝাউ (ঘ) নিম

**৩২. সমবায় কাদের জন্য নিজস্ব পেশাগত সংগঠন?**
(ক) শ্রমিকদের (খ) কৃষকদের
(গ) ছাত্রদের (ঘ) চাকরিজীবীদের

**৩৩. কোনটি ক্যাটফিশ?**
(ক) টাকি (খ) কই
(গ) পুঁটি (ঘ) শিং

**৩৪. কোন মাছে প্রচুর পরিমাণে মাইক্রোনিউট্রিয়েন্ট বিদ্যমান?**
(ক) শিং (খ) মলা
(গ) গুলশা (ঘ) রুই

**৩৫. নিচের কোন সমস্যাটি খরা-বন্যা-জলোচ্ছ্বাস তিনটির কারণেই হয়ে থাকে না?**
(ক) পানি দূষণ (খ) পশু খাদ্যের অভাব
(গ) রোগ-বালাইয়ের প্রদুর্ভাব
(ঘ) ফলন বৃদ্ধি

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | ঘ | ৩ | ক | ৪ | খ | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ঘ | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | গ | ১৯ | ক | ২০ | গ |
| ২১ | ঘ | ২২ | গ | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ | ৩১ | গ | ৩২ | খ | ৩৩ | ঘ | ৩৪ | গ | ৩৫ | ঘ | | | | | | | | | | |

http://teachingbd.com